◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

NEED 24 NEWS
हर ख़बर, हर शहर

নীড 24 নিউজ

প্রতিটি খবর, প্রতিটি শহর

◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

DIGITAL E-PAPER

PRGI APPLICATION
UNDER PROCESS
Application No.
T/GJ/2026/0619/2304/1577

GST
GSTIN
24CINPG0564Q1ZT

UDYAM REGISTERED
UDYAM-GJ-14-0003714

◆ DIGITAL NEWS NETWORK ◆
ভারতের বিশ্বস্ত বহুভাষিক ডিজিটাল নিউজ নেটওয়ার্ক
11+ Languages | 24×7 Live | e-Paper Daily

আমাদের App ডাউনলোড করুন
Download on the App Store
GET IT ON Google Play

www.need24.digital
info@need24.in
+91 98700 06472
FOLLOW US:

তেজ় | সটীক | নিষ্পক্ষ | জনহিত में | सच की आवाज़ | जन-जन की आवाज़ | নিডর পত্রকারিতা

TRIPURA | নীড 24 নিউজ · প্রতিটি খবর, প্রতিটি শহর | 15 November 2026

NATIONAL

চোখ দান: দৃষ্টিশক্তি পুনরুদ্ধারের গুরুত্বপূর্ণ উপায়



চোখ দান একটি মানবিক দান প্রক্রিয়া, যা দাতার মৃতদেহ থেকে কোরনিয়ার টিস্যু সংগ্রহ করে দৃষ্টিশক্তি হারিয়ে যাওয়া রোগীদের পুনরায় দৃষ্টিশক্তি প্রদান করে।

দাতার চোখের টিস্যু সংগ্রহের জন্য পূর্বে কোনো বিশেষ শারীরিক শর্তাবলী প্রয়োজন হয় না; দাতার বয়স, লিঙ্গ, ধর্ম নির্বিশেষে প্রত্যেকেই দান করতে পারেন, তবে কিছু স্বাস্থ্যগত সীমাবদ্ধতা থাকতে পারে।

চোখ দান প্রক্রিয়া দ্রুত এবং নিরাপদ, এবং দাতা পরিবারকে দাতব্য কাজের মাধ্যমে সন্তোষের অনুভূতি প্রদান করে। তাই দৃষ্টিশক্তি হারিয়ে যাওয়া রোগীদের সাহায্যের জন্য চোখ দানের গুরুত্ব বাড়িয়ে তোলা জরুরি।

— DIBYENDU BANERJEE, Howrah

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের মেধা অভিক্ষা ফলাফল আজ প্রকাশিত

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের আয়োজনে ১০ অক্টোবর অনুষ্ঠিত মেধা অভিক্ষা প্রতিযোগিতার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। প্রতিযোগিতাটি বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উৎকর্ষতা প্রদর্শনের উদ্দেশ্যে আয়োজন করা হয়েছিল এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা এতে অংশ নিয়েছিলেন। ফলাফল প্রকাশের মাধ্যমে ব

— Rajesh chowdhury

ছোটপূজা উপলক্ষে ত্রিবেণী অঞ্চলের 13 নম্বর ওয়ার্ড এর ক্ষুদ্র বস্ত্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়

ছটপূজা উপলক্ষে বাঁশবেরিয়ে মিউনিসিপ্যালিটির ত্রিবেণী অঞ্চলে একটি ক্ষুদ্র বস্ত্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয় https://need24.digital/news/chtpuuja-uplkshe-bannsberize-miunisipzalitir-tribenee-oncle-ekti-kshudr-bstrdan-onushthan-onushthit-hz

— Partha Chatterjee

অধীর চৌধুরীর হাত ধরে কংগ্রেসে যোগ একাধিক তৃণমূল কর্মীর, হজবিবিডাঙা পঞ্চায়েতে পালাবদলের জল্পনা!



অধীর চৌধুরীর হাত ধরে কংগ্রেসে যোগ একাধিক তৃণমূল কর্মীর, হজবিবিডাঙা পঞ্চায়েতে পালাবদলের জল্পনা!

দলবদলের পর পঞ্চায়েতে কংগ্রেস ৮, তৃণমূল ৬! ক্ষমতা দখলের আশায় কংগ্রেস, সরগরম নবগ্রামের রাজনৈতিক মহল

নবগ্রাম, মুর্শিদাবাদ: পঞ্চায়েতের ক্ষমতার সমীকরণে বড়সড় পরিবর্তনের ইঙ্গিত! একাধিক তৃণমূল কর্মীর কংগ্রেসে যোগদানকে কেন্দ্র করে নতুন করে রাজনৈতিক চর্চা শুরু হয়েছে মুর্শিদাবাদ জেলার নবগ্রামে। বিশেষ করে হজবিবিডাঙা গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা কার হাতে থাকবে, তা নিয়ে শুরু হয়েছে জোর জল্পনা।

পাঁচগ্রাম দক্ষিণ মোড়ে কংগ্রেসের দলীয় কার্যালয়ে প্রদেশ কংগ্রেসের বর্ষীয়ান নেতা তথা বহরমপুরের প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরীর হাত ধরে তৃণমূল কংগ্রেস ছেড়ে কংগ্রেসে যোগদান করেন হজবিবিডাঙা ও রসুলপুর—এই দুই অঞ্চল থেকে আসা একাধিক সদস্য ও সদস্যা। দলীয় পতাকা হাতে তুলে দিয়ে তাঁদের কংগ্রেসে স্বাগত জানান অধীর চৌধুরী।

তবে এই যোগদান শুধুমাত্র দলবদলের মধ্যেই সীমাবদ্ধ থাকছে না, এর পিছনে রয়েছে গুরুত্বপূর্ণ পঞ্চায়েতের রাজনৈতিক অঙ্ক। বর্তমানে হজবিবিডাঙা গ্রাম পঞ্চায়েত তৃণমূল কংগ্রেসের দখলে রয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দলবদলের আগে ওই পঞ্চায়েতে তৃণমূল কংগ্রেসের সদস্য সংখ্যা ছিল ৮ এবং কংগ্রেসের সদস্য সংখ্যা ছিল ৬। কিন্তু সাম্প্রতিক দলবদলের পর সেই হিসাব বদলে গিয়েছে। বর্তমানে কংগ্রেসের সদস্য সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮ এবং তৃণমূলের সদস্য সংখ্যা কমে হয়েছে ৬।

অর্থাৎ, সদস্য সংখ্যার নিরিখে দুই দলের মধ্যে এতদিন যে ব্যবধান ছিল, তা এখন উল্টে গিয়েছে। আর এই পরিবর্তিত সমীকরণ ঘিরেই হজবিবিডাঙা পঞ্চায়েতে ক্ষমতার পালাবদলের সম্ভাবনা নিয়ে শুরু হয়েছে জোর রাজনৈতিক জল্পনা। যদিও কংগ্রেসের হাতে পঞ্চায়েতের ক্ষমতা আনুষ্ঠানিকভাবে আসবে কি না, তা এখনও নিশ্চিত নয়।

এ বিষয়ে নবগ্রাম ব্লকের পশ্চিম জোনের কংগ্রেস ব্লক সভাপতি মীর বাদাম আলী জানান, খুব শীঘ্রই হজবিবিডাঙা পঞ্চায়েত কংগ্রেসের হাতে আসবে বলে তাঁরা আশাবাদী।

একদিকে অধীর রঞ্জন চৌধুরীর উপস্থিতিতে একাধিক তৃণমূল কর্মীর কংগ্রেসে যোগদান, অন্যদিকে পঞ্চায়েতের সদস্য সংখ্যার পরিবর্তিত সমীকরণ—সব মিলিয়ে নবগ্রামের রাজনীতিতে নতুন মাত্রা যোগ করেছে এই ঘটনা। এখন দেখার, দলবদলের এই প্রভাব শেষ পর্যন্ত হজবিবিডাঙা পঞ্চায়েতের ক্ষমতার রাশ কার হাতে তুলে দেয়। আপাতত সেই দিকেই তাকিয়ে রয়েছে রাজনৈতিক মহল।

— BALAI PRAMANIK

ENTERTAINMENT

ছটপূজা উপলক্ষে বাঁশবেরিয়ে মিউনিসিপ্যালিটির ত্রিবেণী অঞ্চলে একটি ক্ষুদ্র বস্ত্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়



ছটপূজা উপলক্ষে বাঁশবেড়িয়া মিউনিসিপ্যালিটির অন্তর্গত ত্রিবেণী অঞ্চলের 13 নম্বর ওয়ার্ডের নাগরিকবৃন্দ একটি ক্ষুদ্র বস্ত্রদান অনুষ্ঠানের আয়োজন করেছিলেন।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাঁশবেড়িয়া মণ্ডলের সভাপতি শ্রী সুরেশ চৌধুরী মহাশয়।উপস্থিত ছিলেন হুগলি জেলা যুবোমোরচার সহ সভাপতি শ্রী সুব্রতো সাহা মহাশয়।উপস্থিত ছিলেন 13 নম্বর ওয়ার্ডের প্রতিনিধি শ্রীমতী নমিতা রজক মহাশয়া ও আরও অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মীবৃন্দ।উক্ত অনুষ্ঠানে সাধারণ মানুষকে বস্ত্র ও ফল সামগ্রী প্রদান করা হয়।সকলের সুস্থতা ও শুভকামনার মধ্যে দিয়ে অনুষ্ঠান উদযাপিত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সমস্ত সম্মানীয় ব্যক্তিদের উত্তরীয় পরিয়ে সংবর্ধিত করার মাধ্যমে অনুষ্ঠান সূচিত হয়।

— Partha Chatterjee

রসুলপুরে আটদলীয় নকআউট ফুটবল প্রতিযোগিতার জমকালো উদ্বোধন, প্রধান অতিথি অধীর রঞ্জন চৌধুরী



রসুলপুরে আটদলীয় নকআউট ফুটবল প্রতিযোগিতার জমকালো উদ্বোধন, প্রধান অতিথি অধীর রঞ্জন চৌধুরী

উদ্বোধনী ম্যাচে ১-০ গোলে জয়ী বীরভূমের A.R. নাইন স্টার, খেলা দেখতে মাঠে উপচে পড়ল ফুটবলপ্রেমীদের ভিড়

নবগ্রাম, মুর্শিদাবাদ: ফুটবলের টানে এক ছাতার তলায় হাজারো মানুষ! মাঠজুড়ে দর্শকদের উচ্ছ্বাস, খেলোয়াড়দের দুরন্ত লড়াই আর অতিথিদের উপস্থিতিতে উৎসবের চেহারা নিল মুর্শিদাবাদ জেলার নবগ্রামের রসুলপুর। খেলাধুলার মধ্য দিয়ে সম্প্রীতি, ঐক্য ও সৌভ্রাতৃত্বের বার্তা ছড়িয়ে দিতে শনিবার বিকেলে রসুলপুর তরুণ সমিতির মাঠে শুরু হয় আটদলীয় নকআউট ফুটবল প্রতিযোগিতা।

রসুলপুর তরুণ সমিতির পরিচালনায় এবং মুর্শিদাবাদ জেলা SC ও ST সভাপতি হিরু হালদারের তত্ত্বাবধানে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বহরমপুরের প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা SC ও ST সভাপতি হিরু হালদার, নবগ্রাম ব্লকের পশ্চিম জোনের ব্লক সভাপতি মীর বাদাম আলী, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির মুর্শিদাবাদ জেলা সভাপতি শরিফুল রহমান, রসুলপুর অঞ্চলের অঞ্চল সভাপতি আসগার আলী, পাঁচগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রধান সালমা ইয়াসমিন-সহ এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানের শুরুতেই অতিথিদের ফুলের তোড়া, উত্তরীয়, ব্যাচ ও গোলাপ ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। প্রধান অতিথি অধীর রঞ্জন চৌধুরীর হাতে বিশেষ মানপত্র তুলে দিয়ে তাকে সম্মানিত করেন উদ্যোক্তারা। এরপর পতাকা উত্তোলন, এক মিনিট নীরবতা পালন এবং জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা হয়। মাঠে উপস্থিত খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন অতিথিরা। পরে অধীর রঞ্জন চৌধুরীর হাত ধরেই প্রতিযোগিতার শুভ উদ্বোধন হয়।

মুখোমুখি হয় বীরভূম থেকে আগত A.R. নাইন স্টার এবং জেনিথ কমেন্টস। খেলা শুরুর কিছুক্ষণের মধ্যেই প্রতিপক্ষের জালে বল জড়িয়ে এগিয়ে যায় A.R. নাইন স্টার। গোলের পর ম্যাচের উত্তেজনা আরও বেড়ে যায়। দুই দলের খেলোয়াড়দের মধ্যে চলে হাড্ডাহাড্ডি লড়াই। শেষ পর্যন্ত ১-০ গোলের ব্যবধানে জয় তুলে নেয় A.R. নাইন স্টার। উদ্বোধনী ম্যাচে প্রথম গোলদাতা খেলোয়াড়ের জন্য বিশেষ পুরস্কারের ব্যবস্থাও করেন উদ্যোক্তারা।

তবে শুধু মাঠের লড়াই নয়, দর্শকদের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো। মাঠের চারপাশে হাজার হাজার ফুটবলপ্রেমীর ভিড় গোটা পরিবেশকে উৎসবমুখর করে তোলে। বাদশাহী রাস্তার ধারে মাঠ হওয়ায় রাস্তা দিয়ে যাতায়াতকারী বহু মানুষও দাঁড়িয়ে খেলা উপভোগ করেন। সব মিলিয়ে রসুলপুরের ফুটবল উৎসবে সামিল হন বিভিন্ন এলাকার অসংখ্য ক্রীড়াপ্রেমী মানুষ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অধীর রঞ্জন চৌধুরী বলেন, ফুটবল শুধুমাত্র একটি খেলা নয়, এটি মানুষের মধ্যে বন্ধুত্ব, সম্প্রীতি ও মেলবন্ধন গড়ে তোলার অন্যতম মাধ্যম। এই খেলা এক দেশের খেলোয়াড়ের সঙ্গে অন্য দেশের খেলোয়াড়ের বন্ধুত্ব তৈরি করে। খেলাধুলা মানুষকে একত্রিত করে এবং জাতীয় ঐক্যের বন্ধনকে আরও মজবুত করে।

উদ্যোক্তাদের এই উদ্যোগকে ঘিরে স্থানীয় ক্রীড়াপ্রেমীদের মধ্যেও যথেষ্ট উৎসাহ দেখা গিয়েছে। তাদের আশা, এই প্রতিযোগিতা শুধু ফুটবলের আনন্দই ছড়াবে না, পাশাপাশি এলাকার নতুন ও প্রতিভাবান খেলোয়াড়দের নিজেদের দক্ষতা তুলে ধরার মঞ্চও তৈরি করবে। রসুলপুরের মাঠে ফুটবলের এই উৎসব আগামী দিনগুলিতেও একই উদ্দীপনায় চলবে, এমনটাই প্রত্যাশা এলাকাবাসীর।

— BALAI PRAMANIK

বিশ্ব ডায়াবেটিস প্রতিরোধ রালি



বিশ্ব ডায়াবেটিস ফাউন্ডেশন ও কুশদা অভিনন্দন ক্লাব , ক্রাইম রিসার্চ ইনভেস্টিগেশন এজেন্সির ইন্ডিয়া এর উদ্যোগে 13 ই নভেম্বর কুনার পুর থেকে দীর্ঘ নারায়ণ গড় পর্যন্ত 13 কিলোমিটার রাস্তা ডায়াবেটিস প্রতিরোধ ও সচেতনতার বার্তা নিয়ে প্রায় 150 জন নারী পুরুষ এই পথ যাত্রায় সামিল হন। এই পথ যাত্রায় জন সাধারণের উৎফুল্লতা চোখে পড়ার মতো, উপস্থিত ছিলেন সংগঠনের কর্ম কর্তা শ্রী দীপক কুমার দাস , জগদীশ ঘোড়াই, দীপক সিংহ, রবীন্দ্র নাথ মিশ্র, হার্দিক দাস কার্তিক মণ্ডল , শিশির দাস, অনুপম বেরা , বিশ্বজিৎ হুই, উপস্থিত ছিলেন সরিষা কুনার পুর হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রী বাদল কুমার মাইতি, অবসর প্রাপ্ত সহ শিক্ষক সুশান্ত ওঝা, ও কুনার পুর স্কুলের সমস্ত সহ শিক্ষক ও শিক্ষিকা গণ, এছাড়াও কুনারপুর গ্রাম পঞ্চয়েতের সচিব ও অঙ্গন ওয়াড়ি দিদিমণি ও স্বাস্থ্য কর্মী, ও সাধারণ মানুষজন।

ওয়ার্ল্ড ডায়াবেটিস ফাউন্ডেশন এর 13/11/2026 ঘোষিত কর্ম সূচি । এই । আন্তর্জাতিক কর্মসূচি কে বাস্তবে রুপ দানের জন্য পথ চলা শুরু হলো। এই কর্ম সূচি চলবে 14ই নভেম্বর জহর লাল নেহেরুর জন্ম দিনকে স্মরণ রেখে নারায়ণ গড় থানা থেকে পায়ে হেঁটে খড়্গপুর পর্য্যন্ত।

— DIPAK KUMAR DAS

অভিব্যক্তি বিকাশে খুদে পড়ুয়াদের শিল্প মেলা



দ্রুত পরিবর্তনশীল বিশ্বে, সৃজনশীলতা সাফল্যের জন্য একটি গুরুত্বপূর্ণ চাবিকাঠি।মূলত শৈল্পিক অভিব্যক্তি সৃজনশীলতাকে লালন করতে এবং শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশকে উৎসাহিত করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।মূলত এই লক্ষ্যকে সামনে রেখে শিশু দিবস উপলক্ষে শনিবার মানবাজার সারদা পাবলিক স্কুলে শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হল শিল্প মেলা।এদিন মনোজ্ঞ অনুষ্ঠানের মধ্য দিয়ে খুদে পড়ুয়াদের উদ্ভবনী শক্তি ও সৃজনশীলতার পাশাপাশি হস্ত শিল্পকে উৎসাহ দিতে বিদ্যালয়ে আয়োজিত হল বিশেষ প্রদর্শনী। খুদে পড়ুয়াদের তৈরি বিজ্ঞান প্রদর্শনী দেখে খুশি সকলে। এদিন উপস্থিত ছিলেন অভিভাবক, শিক্ষক শিক্ষিকা মন্ডলী, স্কুলের ব্যবস্থাপনা পরিষদের সদস্য সহ বিশিষ্ট জনেরা। মানবাজার সারদা পাবলিক স্কুলের প্রধান শিক্ষক স্বরূপ রঞ্জন মাহান্তী বলেন,প্রতি বছর জহরলাল নেহেরুর জন্মদিন উপলক্ষে বিদ্যালয়ের খুদে পড়ুয়াদের নিয়ে প্রদর্শনী অনুষ্ঠিত হল। আগামী দিনে প্রত্যেক শিক্ষার্থীর উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি। পাশাপাশি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন তিনি। প্রত্যেকের উপস্থিতিতে সমগ্র অনুষ্ঠানটি মনোরম হয়ে ওঠে। এদিনের অনুষ্ঠানকে ঘিরে শিক্ষার্থীদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো।সকলের উপস্থিতি ও সহযোগীতায় অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।

— Amaresh Dutta

দাস পরিবারের ঐতিহ্যবাহী কালীপূজা: ১২ বছর বয়স থেকে বাড়িতে মায়ের পুজো করে আসছেন সাধক বাসুদেব



পুরুলিয়ার মানবাজার শহরের কালী পুজো গুলোর মধ্যে অন্যতম দাস পরিবারের ঐতিহ্যবাহী কালীপূজা। ছোটবেলা থেকেই ঈশ্বরের উপর ভক্তি। নাম বাসুদেব দাস, বাড়ি মানবাজার পোদ্দারপাড়ার অন্তর্গত মাঝকুলির দত্ত দূর্গা মন্দিরের পাশে। ১২ বছর বয়স থেকে পুজোপাঠ করে আসছেন তিনি। দাস পরিবারের ঐতিহ্যবাহী কালীপূজা ২৭ তম বর্ষে পদার্পণ করল।বৈষ্ণব মতে পূজিতা হন দেবী।এখানে বলির প্রচলন নেই। জানা যায়,মাত্র ১২ বছর বয়সে নিজ বাড়িতে মা কালীর প্রতিষ্ঠা করেন।সেই তখন থেকেই মা কালীর পুজো করে আসছেন তিনি।প্রথমে মাটির প্রতিমাতে মা পুজিতা হতেন।পরে শিলা প্রতিমা স্থাপন করা হয়। মা দক্ষিনা কালী রূপে পূজিত হন। ঈশ্বরের প্রতি শৈশব কাল থেকে অগাধ ভক্তি। খুব কম বয়স থেকে মাটির প্রতিমা তৈরি করতেন।এই সময়েই নিজের বাড়িতে পুজোপাঠ করতেন। নয় বৎসর বয়সে উপনয়ন হয়, এরপর মনের মধ্যে আসে ধর্মীয় ভাবনা। শ্রীরামকৃষ্ণদেব, সাধক রামপ্রসাদ ও বামদেবের জীবনী প্রতি আগ্রহী হন তিনি।নিয়মিত পাঠ করেন রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভগবত, ভগবত গীতা সহ বিভিন্ন ধর্মগ্রন্থ।

— Amaresh Dutta

সংগীতানুষ্ঠান মানবাজারে



কালীপুজো উপলক্ষে মানবাজার উপরপাড়া সার্বজনীন হঠাৎ কালী মন্দির প্রাঙ্গনে বুধবার সন্ধ্যায় অনুষ্ঠিত হলো বিশেষ সংগীতানুষ্ঠান। জমকালো আয়োজনে ও মনমুগ্ধকর পরিবেশনায় অনুষ্ঠিত হল এদিনের অনুষ্ঠান।সকলের উপস্থিতি ও সহযোগিতায় এদিনের অনুষ্ঠানটি সুস্ঠুভাবে সম্পন্ন হয়। এদিনের অনুষ্ঠানকে ঘিরে দর্শকের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। প্রত্যেকের উপস্থিতিতে সমগ্র অনুষ্ঠানটি মনোরম হয়ে ওঠে।

— Amaresh Dutta

অবৈধ মদ বিক্রি বন্ধের দাবিতে এবার একজোট হলেন গ্রামের মহিলারা



গ্রামে অবৈধ মদ বিক্রি বন্ধের দাবিতে এবার একজোট হলেন গ্রামের মহিলারা। দলবদ্ধভাবে প্রায় ৪০ জন মহিলা বরাবাজার থানায় লিখিত অভিযোগ দায়ের করে গ্রামে মদ বিক্রি বন্ধের দাবি জানালেন। ঘটনাটি বরাবাজার ব্লকের অন্তর্গত বাসুদেবপুর গ্রামের। জানা গিয়েছে, বুধবার সন্ধ্যায় বাসুদেবপুর গ্রামের প্রায় ৪০ জন মহিলা একত্রিত হয়ে বরাবাজার থানায় উপস্থিত হন। সেখানে তাঁরা গ্রামের মধ্যে অবৈধ মদ বিক্রি বন্ধ করার দাবিতে লিখিত অভিযোগ দায়ের করেন। মহিলাদের এই অভিযোগের পরই নড়েচড়ে বসে প্রশাসন। অভিযোগের ভিত্তিতে তড়িঘড়ি পদক্ষেপ করে বরাবাজার থানার পুলিশ ও বরাবাজার আবগারি দপ্তর। দুই দপ্তরের আধিকারিকরা যৌথভাবে বাসুদেবপুর গ্রামে অভিযান চালান। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযান চলাকালীন বেশ কিছু পরিমাণ অবৈধ চোলাই মদ উদ্ধার করা হয়। পরে সেগুলি নষ্ট করে দেওয়া হয়। গ্রামে অবৈধ মদ বিক্রি বন্ধ করতে মহিলাদের এই সম্মিলিত উদ্যোগ যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এখন দেখার, প্রশাসনের এই অভিযানের পর বাসুদেবপুর গ্রামে অবৈধ মদ বিক্রি কতটা নিয়ন্ত্রণে আসে।

— Amaresh Dutta

উদ্বোধন করতে উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি সম্পাদিকা শ্রীমতী লকেট চ্যাটার্জি মহালয়া। আমতা বিধানসভার বিধায়ক মাননীয় শ্রী অমিত সামন্ত মহাশয় ও আরও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা



চন্দননগর যুবক সঙ্ঘ ক্লাবের জগদ্ধাত্রী পুজো উপলক্ষে উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি সম্পাদিকা মাননীয়া শ্রীমতী লকেট চ্যাটার্জি মহালয়া।উপস্থিত ছিলেন আমতা বিধানসভার বিধায়ক মাননীয় শ্রী অমিত সামন্ত মহাশয়। উপস্থিত ছিলেন হুগলি জেলার যুবোমোরচার সভাপতি শ্রী সম্বুদ্ধও দত্ত মহাশয়।তৎসহ উপস্থিত ছিলেন আরও অন্যান্য নেতানেতৃবৃন্দ। তাদের প্রত্যেককে উত্তরীয় ও স্মারক দিয়ে সংবর্ধিত করা হয়।সকল জনসাধারণের সুখসান্তির কামনা করে এবং সবাইকে একসঙ্গে হাতেহাট মিলিয়ে নতুন বাংলা গড়ে তোলার আহ্বান জানিয়ে পুজো উদ্বোধন করেন।আবারও একবার সবার সামনে ঘোষণা করেন যে চন্দননগরের জগদ্ধাত্রী পুজো কে রাজ্জাউৎসব বলে স্বীকৃতি দেওয়া হয়েছে।

— Partha Chatterjee

LOCAL

রানীগঞ্জে নিত্য যানজট, ভোগান্তির শিকার সাধারণ মানুষ



পশ্চিম বর্ধমান জেলার রানীগঞ্জ শহর জুড়ে প্রতিদিন যানজটের সমস্যা চরমে পৌঁছাচ্ছে। শহরের বিভিন্ন রাস্তায় যানবাহনের দীর্ঘ লাইন লেগে থাকছে, যার ফলে সাধারণ মানুষকে চরম ভোগান্তির শিকার হতে হচ্ছে। বিশেষ করে সকাল ও সন্ধ্যায় এই যানজট আরও ভয়াবহ আকার ধারণ করে।

যানজটের মূল কারণ হিসেবে রাস্তার উপর অবৈধ পার্কিং এবং অপরিকল্পিত ট্র্যাফিক ব্যবস্থাপনাকে দায়ী করছেন স্থানীয় বাসিন্দারা। এছাড়াও, ছোট রাস্তাগুলিতে অতিরিক্ত যানবাহনের চাপ সমস্যাকে আরও বাড়িয়ে তুলছে। এর ফলে নিত্যযাত্রী, স্কুল-কলেজের ছাত্রছাত্রী এবং কর্মজীবীরা সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারছেন না।

যানজটের কারণে জরুরি পরিষেবার ক্ষেত্রেও সমস্যা দেখা দিচ্ছে। অ্যাম্বুলেন্স বা দমকলের গাড়ি সময়মতো গন্তব্যে পৌঁছাতে না পারায় পরিস্থিতি আরও জটিল হচ্ছে। স্থানীয় প্রশাসন এই সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপ নেবে বলে আশা করছেন শহরবাসী।

— Rajesh chowdhury

বিভীষিকা



টোটো আজ নিত্য দিনের যাতায়াতের সঙ্গী কিন্তু এই টোটো ই মানুষের জীবন দুর্বিসহ করেতুলছে। রাস্তাই জ্যাম করে যাত্রী তোলাই যেন এদের কাজ,অতিরিক্ত যাত্রী বোঝাই,অনিয়ন্ত্রণ গতি আর তাতেই মানুষ আজ ভীত। চালকদের কোন লাইসেন্স এর বালাই নেই তাই খুবই বেপরওয়া। এটা ঠিক যে এই টোটো বেশ কিছু বে-কার সমস্যার সমাধান করেছে তবুও যাত্রী সুরক্ষার দিকে ও অযথা যেখানে সেখানে দাঁড়ানো কে নিয়ন্ত্রণ করার দিকে দৃষ্টি দেওয়া উচিত না হলে আগামী দিনে বড়ো সমস্যার মুখোমুখি হতে হবে বলেই সাধারণ মানুষ মনে করছেন।

অন্যান্য শহর এর মতো খনি শহর রানীগঞ্জ এর যাতায়াতের পথে বেআইনি টোটো আজ বিভীষিকার রূপ নিয়েছে। খালি বা যাত্রী সহ উল্টে যাওয়া আজ যেন প্রতিদিনের ঘটনা। এর পিছনে অনুমতিহীন গঠন প্রধান দায়ী বলেই বিশেষজ্ঞদের মত। তাই যত শিগ্র সম্ভব এই সমাধান করতে হবে।

— Rajesh chowdhury

বিশ্ব ডায়াবেটিস ফাউন্ডেশন ও কুশদা অভিনন্দন ক্লাব ও কল্যাণী সাহা মেমোরিয়াল ফাউন্ডেশন ও ক্রাইম রিসার্চ ইনভেস্টিগেশন এজেন্সি অফ ইন্ডিয়ার উদ্যোগে ডায়াবেটিস প্রিভেন্ট টিভ রালী 2047



বিশ্ব ডায়াবেটিস ফাউন্ডেশন ও কুশদা অভিনন্দন ক্লাব , ক্রাইম রিসার্চ ইনভেস্টিগেশন এজেন্সির ইন্ডিয়া এর উদ্যোগে 13 ই নভেম্বর কুনার পুর থেকে দীর্ঘ নারায়ণ গড় পর্যন্ত 13 কিলোমিটার রাস্তা ডায়াবেটিস প্রতিরোধ ও সচেতনতার বার্তা নিয়ে প্রায় 150 জন নারী পুরুষ এই পথ যাত্রায় সামিল হন। এই পথ যাত্রায় জন সাধারণের উৎফুল্লতা চোখে পড়ার মতো, উপস্থিত ছিলেন সংগঠনের কর্ম কর্তা শ্রী দীপক কুমার দাস , জগদীশ ঘোড়াই, দীপক সিংহ, রবীন্দ্র নাথ মিশ্র, হার্দিক দাস কার্তিক মণ্ডল , শিশির দাস, অনুপম বেরা , বিশ্বজিৎ হুই, উপস্থিত ছিলেন সরিষা কুনার পুর হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রী বাদল কুমার মাইতি, অবসর প্রাপ্ত সহ শিক্ষক সুশান্ত ওঝা, ও কুনার পুর স্কুলের সমস্ত সহ শিক্ষক ও শিক্ষিকা গণ, এছাড়াও কুনারপুর গ্রাম পঞ্চয়েতের সচিব ও অঙ্গন ওয়াড়ি দিদিমণি ও স্বাস্থ্য কর্মী, ও সাধারণ মানুষজন।

ওয়ার্ল্ড ডায়াবেটিস ফাউন্ডেশন এর 13/11/2026 ঘোষিত কর্ম সূচি । এই । আন্তর্জাতিক কর্মসূচি কে বাস্তবে রুপ দানের জন্য পথ চলা শুরু হলো। এই কর্ম সূচি চলবে 14ই নভেম্বর জহর লাল নেহেরুর জন্ম দিনকে স্মরণ রেখে নারায়ণ গড় থানা থেকে পায়ে হেঁটে খড়্গপুর পর্য্যন্ত।

— DIPAK KUMAR DAS

পুরুলিয়ায় পুলিশের অভিযানে ৮০ কুইন্টাল অবৈধ কয়লা ও দুটি পিকআপ ভ্যান বাজেয়াপ্ত, ২ ব্যক্তি গ্রেফতার



পুরুলিয়া জেলায় পুলিশ গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি তীব্র অভিযান চালায়, যেখানে অবৈধ কয়লা পাচার সংক্রান্ত বড় ছক উন্মোচন করা হয়।

অভিযানে মোট ৮০ কুইন্টাল (প্রায় ৮ টন) অবৈধ কয়লা এবং দুটি পিকআপ ভ্যান বাজেয়াপ্ত করা হয়। এই সামগ্রীগুলোকে অবৈধভাবে খনি থেকে চুরি করে বিক্রি করার পরিকল্পনা ছিল।

গোপন সূত্রের মাধ্যমে পাওয়া তথ্যের ফলে পুলিশ দ্রুত পদক্ষেপ নিতে সক্ষম হয় এবং সন্দেহভাজন দুই ব্যক্তিকে গ্রেফতার করে, যারা এই পাচার কার্যক্রমে জড়িত বলে সন্দেহ করা হচ্ছে।

পুলিশ জানিয়েছে, এই ধরণের অবৈধ কয়লা পাচার রোধে তারা কঠোর নজরদারি চালিয়ে যাবে এবং সংশ্লিষ্ট অপরাধী গোষ্ঠীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে।

— Soumitra Paul

খড়গ্রাম ব্লকে আবাস যোজনার দ্বিতীয় কিস্তির টাকা প্রদানের প্রস্তুতি, উপকৃত হতে চলেছেন প্রায় ৯০০ জন



খড়গ্রাম ব্লকে আবাস যোজনার দ্বিতীয় কিস্তির টাকা প্রদানের প্রস্তুতি, উপকৃত হতে চলেছেন প্রায় ৯০০ জন

খড়গ্রাম, মুর্শিদাবাদ: রাজ্য সরকারের উদ্যোগে পশ্চিমবঙ্গ আবাস যোজনার দ্বিতীয় কিস্তির আর্থিক সহায়তা প্রদানকে কেন্দ্র করে খড়গ্রাম ব্লকে নেওয়া হলো বিশেষ প্রস্তুতি। খড়গ্রাম ব্লকের রবীন্দ্রভবনে উপভোক্তাদের হাতে আর্থিক সহায়তা তুলে দেওয়ার জন্য যাবতীয় প্রশাসনিক প্রস্তুতি সম্পন্ন করে ব্লক প্রশাসন।

রাজ্য সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ আবাস যোজনার আওতায় রাজ্যের ৭ লক্ষাধিক উপভোক্তার হাতে মোট ৪২০১ কোটি টাকার আর্থিক সহায়তা তুলে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। সাধারণ মানুষের নিজস্ব পাকা বাড়ি তৈরির স্বপ্ন পূরণ করতেই এই প্রকল্পের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করছে রাজ্য সরকার।

এই কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন এবং কৃষি বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দিলীপ ঘোষ ও রাষ্ট্রমন্ত্রী শান্তনু প্রামাণিকের উপস্থিতিতে রাজ্যজুড়ে এই আর্থিক সহায়তা প্রদান কর্মসূচি পরিচালিত হয়।

অন্যদিকে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকে এই প্রকল্পের দ্বিতীয় কিস্তির আর্থিক সহায়তা পেতে চলেছেন প্রায় ৯০০ জন উপভোক্তা। তাদের হাতে সরকারি সহায়তা পৌঁছে দিতে রবীন্দ্রভবনে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করে ব্লক প্রশাসন।

এদিনের প্রস্তুতি ও কর্মসূচিকে কেন্দ্র করে উপস্থিত ছিলেন খড়গ্রাম ব্লকের বিডিও ডিকি শেরপা, জয়েন্ট বিডিও সৌগত রায়-সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকরা। আর্থিক সহায়তার মাধ্যমে গ্রামীণ এলাকার বহু পরিবারের দীর্ঘদিনের পাকা বাড়ি তৈরির স্বপ্ন বাস্তবায়িত হবে। মাথার উপর পাকা ছাদের নিশ্চয়তা দিতে রাজ্য সরকারের এই উদ্যোগকে ঘিরে উপভোক্তাদের মধ্যেও দেখা যাচ্ছে আশার আলো।

'আবাসের ভিতেই আগামী দিনের ভিত্তি'—এই ভাবনাকে সামনে রেখেই আবাস যোজনার পরিষেবা পৌঁছে দিতে তৎপর খড়গ্রাম ব্লক প্রশাসন।

— BALAI PRAMANIK

খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন কালীপুজো কমিটির ছয় দিনব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি, নরনারায়ণ সেবায় অংশ নিলেন প্রায় ১১ হাজার পুণ্যার্থী



খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন কালীপুজো কমিটির ছয় দিনব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি, নরনারায়ণ সেবায় অংশ নিলেন প্রায় ১১ হাজার পুণ্যার্থী

নিজস্ব সংবাদদাতা, খড়গ্রাম, মুর্শিদাবাদ: ধর্মীয় আয়োজনের পাশাপাশি মানবসেবা ও সামাজিক সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিয়ে সমাপ্তি ঘটল মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন কালীপুজো কমিটির উদ্যোগে আয়োজিত ছয় দিনব্যাপী অনুষ্ঠানের। অনুষ্ঠানের শেষ দিনে আয়োজন করা হয় নরনারায়ণ সেবা। উদ্যোক্তাদের সূত্রে জানা গিয়েছে, এই কর্মসূচিতে প্রায় ১১ হাজার পুণ্যার্থী মহাপ্রসাদ গ্রহণ করেন।

নরনারায়ণ সেবাকে কেন্দ্র করে এদিন সকাল থেকেই এলাকায় ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়। বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এই মহাপ্রসাদ পরিবেশন কর্মসূচি।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খড়গ্রাম বিধানসভার বিধায়িকা মিতালী মাল এবং খড়গ্রাম থানার ভারপ্রাপ্ত আধিকারিক বাপি দত্ত। এছাড়াও বিভিন্ন প্রশাসনিক আধিকারিক, পুলিশকর্মী ও সিভিক ভলান্টিয়াররা নরনারায়ণ সেবা পরিচালনায় সক্রিয়ভাবে সহযোগিতা করেন।

কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সভাপতি সুদীপ্ত মজুমদার, সম্পাদক মিঠুন ঘোষ, সহ-সভাপতি দোল চাঁদ মাল, সহ-সম্পাদক তাপস পাল-সহ কমিটির অন্যান্য সদস্য ও কর্মীবৃন্দ।

ধর্মীয় অনুষ্ঠানের পাশাপাশি সাধারণ মানুষের পাশে দাঁড়ানো এবং সামাজিক সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেওয়ার এই উদ্যোগ এলাকায় বিশেষ তাৎপর্য বহন করেছে। ছয় দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির পর শেষ দিনে প্রায় ১১ হাজার পুণ্যার্থীর অংশগ্রহণে নরনারায়ণ সেবা কর্মসূচির মধ্য দিয়ে সফলভাবে সমাপ্তি ঘটল খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন কালীপুজো কমিটির এবারের আয়োজনের।

— BALAI PRAMANIK

LOCAL

চার দিনব্যাপী ছট পুজোর সূচনা: সম্প্রীতি ও ভক্তির মেলবন্ধন



চার দিনব্যাপী ছট পুজোর সূচনা হলো শুদ্ধাচার, ভক্তি ও সম্প্রীতির অপূর্ব মেলবন্ধনের মধ্য দিয়ে।

এই ঐতিহ্যবাহী পুজোতে নিহায়-খায় ও লাউ-ভাতের প্রথা পালন করা হয়, যা সম্প্রদায়ের মধ্যে ঐক্য ও সমন্বয়কে প্রতিফলিত করে। অংশগ্রহণকারীরা আধ্যাত্মিক শান্তি ও সামাজিক সম্প্রীতি অর্জন করে, যা এই প্রথার মূল উদ্দেশ্য।

— Soumitra Paul

প্রতিবেশীর বাড়ির চৌকির নিচ থেকে উদ্ধার ৯ বছরের বালিকার দেহ, গ্রেপ্তার কিশোরী



প্রতিবেশীর বাড়ির চৌকির নিচ থেকে উদ্ধার ৯ বছরের বালিকার দেহ, গ্রেপ্তার কিশোরী

নওদা, মুর্শিদাবাদ: খেলার ছলে ডেকে নিয়ে যাওয়ার অভিযোগকে কেন্দ্র করে ৯ বছরের এক বালিকার মৃত্যুর ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়াল মুর্শিদাবাদ জেলার নওদা থানার বালির কুঠিপাড়া গ্রামে। গত বৃহস্পতিবার সকালে নিখোঁজ হওয়া মল্লিকা খাতুন নামে ওই শিশুর দেহ রাতে উদ্ধার হয় প্রতিবেশীর বাড়ির একটি চৌকির নিচ থেকে। এই ঘটনায় এক কিশোরীকে গ্রেপ্তার করেছে নওদা থানার পুলিশ।

পরিবার সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে মল্লিকার মা চিকিৎসার জন্য বাড়ির বাইরে গিয়েছিলেন এবং বাবা মাঠে কাজে গিয়েছিলেন। সেই সময় প্রতিবেশী এক কিশোরী মল্লিকাকে খেলার জন্য ডেকে নিয়ে যায় বলে পরিবারের অভিযোগ। এরপর থেকেই নিখোঁজ হয়ে যায় শিশুটি। দীর্ঘক্ষণ খোঁজাখুঁজির পরেও তার সন্ধান না মেলায় উদ্বিগ্ন হয়ে পড়েন পরিবারের সদস্যরা। শেষ পর্যন্ত বিকেলের দিকে নওদা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়।

অভিযোগ পাওয়ার পরই তদন্ত শুরু করে পুলিশ। বৃহস্পতিবার রাতে প্রতিবেশীর বাড়িতে তল্লাশির সময় একটি চৌকির নিচ থেকে মল্লিকার দেহ উদ্ধার হয় বলে জানা গিয়েছে। পাশাপাশি ওই বাড়ি থেকে শিশুটির ব্যবহৃত সোনার কানের দুল এবং রুপোর গয়নাও উদ্ধার করেছে পুলিশ।

পরিবারের অভিযোগ, শিশুটির শরীরে থাকা গয়নার লোভেই এই ঘটনা ঘটানো হয়ে থাকতে পারে। যদিও ঘটনার প্রকৃত কারণ এখনও নিশ্চিত নয়। ইতিমধ্যেই অভিযুক্ত কিশোরীকে গ্রেপ্তার করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। শিশুটির দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে আরও স্পষ্ট ধারণা পাওয়া যাবে বলে মনে করা হচ্ছে।

মাত্র ৯ বছরের শিশুর এমন মর্মান্তিক পরিণতিতে শোকের ছায়া নেমে এসেছে বালির কুঠিপাড়া গ্রামে। গোটা ঘটনার প্রকৃত রহস্য উদ্‌ঘাটনে তদন্ত চালাচ্ছে নওদা থানার পুলিশ।

— BALAI PRAMANIK

POLITICS

বিপিএসের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য তৃণমূলের অভিষেক বন্দ্যোপাধ্যায় ইস্যুতে বিস্ফোরক মন্তব্য



শমীক ভট্টাচার্য, বিজেপি রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ, তৃণমূলের অন্দরে চলমান অভিষেক বন্দ্যোপাধ্যায় ইস্যু নিয়ে সাংবাদিকদের সামনে মন্তব্য করেন।

তিনি জানিয়ে বলেন তৃণমূলের অন্দরে যা চলছে তা এখন সকলের সামনে স্পষ্ট, এবং জোর দিয়ে বলেন বিজেপি প্রতিহিংসার রাজনীতি করছে না, আইন ও আইনের পথে চলবে। তোলপাড় সৃষ্টি হয়েছে, বিভিন্ন রাজনৈতিক গোষ্ঠীর মতামত উন্মোচিত হয়েছে।

— SANJIB KUMAR ROY, Kolkata

বাঁশবেড়িয়ে পৌরসভার অন্তর্গত বাসুদেবপুর অঞ্চলের শীতলা সঙ্ঘ ক্লাবের সংস্কৃতিক অনুষ্ঠানে জেলা ও রাজ্যের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতি



বাঁশবেড়িয়া পৌরসভার 21 নম্বর ওয়ার্ড এর বাসুদেবপুর অঞ্চলের শীতলা সঙ্ঘ ক্লাবের পরিচালনায় শ্রী শ্রী শ্যামা মায়ের পুজো উপলক্ষে এক বিরাট সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি জেলা যুব মোর্চার সভাপতি শ্রী সম্বুধ দত্ত মহাশয়।উপস্থিত ছিলেন রাজ্য মহিলা মোর্চার নেত্রী শিপ্রা ঘোষ মহাশয়া ।উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি সুরেশ চৌধুরী মহাশয়। প্রতিটি সম্মানীয় ব্যক্তি বর্গদের উত্তরীয় ও স্মারক দিয়ে সম্বর্ধনা দেওয়া হয়।প্রচুর দর্শক সমারোহের মধ্যে তাদের প্রত্যেকে তাদের মূল্যবান বক্তব্য রাখেন এবং প্রত্যেককে নতুন বাংলা গোরেতলার আহ্বান জানিয়ে হতে হাত মিলিয়ে এগিয়ে যাবার বার্তা জানান।সাধারণ মানুষও তাদের সবাইকে একই সঙ্গে দেখে ও তাদের কথা শুনে তাদের পাশে থাকার বার্তা জানান।

— Partha Chatterjee

নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির উদ্যোগে নরনারায়ণ সেবা, নিজের হাতে মহাপ্রসাদ পরিবেশন করলেন OC জগন্নাথ ঘোষ



নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির উদ্যোগে নরনারায়ণ সেবা, নিজের হাতে মহাপ্রসাদ পরিবেশন করলেন OC জগন্নাথ ঘোষ

নবগ্রাম, মুর্শিদাবাদ: ধর্মীয় উৎসবের পাশাপাশি মানবসেবার বার্তা ছড়িয়ে দিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছিল মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটি। শ্যামাপুজো উপলক্ষে আয়োজিত নরনারায়ণ সেবা কর্মসূচিতে ভক্ত ও সাধারণ মানুষের মধ্যে নিজের হাতে শ্যামা মায়ের মহাপ্রসাদ পরিবেশন করেন নবগ্রাম থানার OC জগন্নাথ ঘোষ। নবগ্রাম থানা প্রাঙ্গণে গত রবিবার থেকে শুরু হয়েছিল থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো। পুজো উপলক্ষে প্রতি বছরের মতো এ বছরও আয়োজন করা হয়েছিল একাধিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও বিচিত্রানুষ্ঠানের। নাচ, বাউল গান, সংগীত পরিবেশনা-সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণী পর্বে মুখরিত হয়ে উঠেছিল পুজো প্রাঙ্গণ।

পুজো উপলক্ষে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের অন্তিম পর্বে বৃহস্পতিবার, ১২ই নভেম্বর, বিশেষ আকর্ষণ হয়ে উঠেছিল নরনারায়ণ সেবা কর্মসূচি। এই উপলক্ষে ভক্ত ও সাধারণ মানুষের জন্য মহাপ্রসাদ হিসেবে পরিবেশন করা হয়েছিল খিচুড়ি, তরকারি, চাটনি ও বোঁদে। দুপুর ১২টা থেকে শুরু হওয়া এই মহাপ্রসাদ পরিবেশন কর্মসূচি চলেছিল প্রায় গোধূলি পর্যন্ত। নবগ্রাম এলাকার মানুষই নন, আশপাশের বিভিন্ন এলাকা এমনকী অন্যান্য থানা এলাকা থেকেও বহু মানুষ উপস্থিত হয়ে মহাপ্রসাদ গ্রহণ করে।

মহাপ্রসাদ অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিলেন নবগ্রাম থানার OC জগন্নাথ ঘোষ। তিনি অনুষ্ঠানে উপস্থিত থাকার পাশাপাশি নিজের হাতে ভক্ত ও সাধারণ মানুষের মধ্যে মহাপ্রসাদ পরিবেশন করেন। তার এই আন্তরিক অংশগ্রহণে উপস্থিত মানুষের মধ্যে বাড়তি উৎসাহ ও আনন্দের পরিবেশ তৈরি হয়েছিল।

ধর্মীয় আচার-অনুষ্ঠানের পাশাপাশি মানুষের পাশে দাঁড়ানো এবং সেবার মাধ্যমে উৎসবের আনন্দ সকলের মধ্যে ভাগ করে নেওয়ার এক সুন্দর দৃষ্টান্ত স্থাপন করেছিল নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির এই নরনারায়ণ সেবা কর্মসূচি।

— BALAI PRAMANIK

RELIGION

পশ্চিমবঙ্গে ১৫,০০০ নতুন দুর্গাপুজো ও ৬,০০০ কালীপুজো —সংস্কৃতির নতুন দিগন্ত



পশ্চিমবঙ্গের গৌরবময় ঐতিহ্য, সংস্কৃতি ও ধর্মীয় পরম্পরার পুনরুজ্জীবনে নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। এ বছর রাজ্যে ১৫ হাজারেরও বেশি নতুন দুর্গাপুজো এবং ৬ হাজারেরও বেশি নতুন কালীপুজো যুক্ত হয়েছে।

বর্তমানে দুর্গাপুজোর সংখ্যা প্রায় ৫৮ হাজার এবং কালীপুজোর সংখ্যা প্রায় ৭৩ হাজারে পৌঁছেছে, যা দীর্ঘদিনের অবহেলা পেরিয়ে ঐতিহ্যকে নতুন করে তুলে ধরার লক্ষ্যে নেওয়া উদ্যোগের ফলাফল।

এই প্রচেষ্টা পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক পরিচয়কে আরও সমৃদ্ধ করছে এবং জনগণের মধ্যে ঐতিহ্যের শিকড়ে ফিরে আসার প্রবল ইচ্ছা প্রকাশ করছে।

নতুনভাবে উদযাপিত এই উৎসবগুলো রাজ্যের ধর্মীয় ও সাংস্কৃতিক গৌরবকে পুনরুজ্জীবিত করে, যা ভবিষ্যতে আরও সমৃদ্ধি ও ঐক্যবদ্ধ সমাজ গঠনে সহায়ক হবে।

— Soumitra Paul

তালসাগড়ায় জমজমাট একদিনের ফুটবল উৎসব



তালসাগড়ায় জমজমাট একদিনের ফুটবল উৎসব-২০২৬ অনুষ্ঠিত

বাঁকুড়া:

বাঁকুড়া জেলার তালসাগড়ায় মহাসমারোহে অনুষ্ঠিত হলো একদিনের ‘তালসাগড়া ফুটবল উৎসব-২০২৬’। তালসাগড়া মহাপ্রভু সংঘের পরিচালনায় এবং মহাশয়ের ফুটবল ময়দানে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

স্মরণ ও উৎসর্গ:

স্বর্গীয় দুর্গানন্দ চক্রবর্তী, স্বর্গীয় বুদ্ধেশ্বর চক্রবর্তী (বিশিষ্ট ক্রীড়াবিদ) এবং সদ্য প্রয়াত মাস্টারমশাই স্বর্গীয় পবিত্র কুমার চক্রবর্তীর স্মৃতি কাপ এবং তালসাগড়া মহাপ্রভু সংঘের বিশিষ্ট সদস্যা স্বর্গীয়া প্রতিমা মালের স্মরণে এই ফুটবল উৎসবের আয়োজন করা হয়েছে।

তারিখ ও সময়:

বৃহস্পতিবার (২৫শে কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ই নভেম্বর, ২০২৬) সকাল ১০টায় খেলা শুরু হয়।

অংশগ্রহণকারী দলসমূহ:

দল অংশগ্রহণ করে:

বন্ধু একাদশ (গ্রামবেড়া)

পি.এফ.টি. বড়জোড়া (বাঁকুড়া)

বাঁকুড়া একাদশ (বাঁকুড়া)

সমৃদ্ধি ইলেভেন (বেলিয়াতোড়)

উপস্থিতি ও অন্যান্য কর্মসূচি:

এদিনের এই ফুটবল উৎসবকে কেন্দ্র করে স্থানীয় ক্রীড়াপ্রেমী মানুষ ও দর্শকদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়। খেলায় কয়েক হাজার দর্শকের সমাগম ঘটেছিল। সংঘের ১০ বছর পূর্তি উপলক্ষে ফুটবল খেলার পাশাপাশি বেশ কিছু সমাজকল্যাণমূলক ও জনসচেতনতামূলক কর্মসূচি পালন করা হয়:

ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা

গরিব মানুষের মধ্যে বস্ত্রদান

রক্তদান শিবির

বিনামূল্যে স্বাস্থ্যশিবির

‘সেভ ড্রাইভ সেভ লাইফ’ প্রকল্পের আওতায় হেলমেট প্রদান

এছাড়া দর্শকদের জন্য বিশেষ লটারির ব্যবস্থাও রাখা হয়েছিল।

পরিচালনা:

বাঁকিশোল অক্ষয় কুমার ইনস্টিটিউশনের প্রাক্তন গেম টিচার এবং বিশিষ্ট সমাজসেবী গোপীনাথ চক্রবর্তী পুরো খেলাটি অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিচালনা করেন।

— Giasuddin Mandal

বাঙালির ঘরে ঘরে বোনেরা ভাইদের ফোঁটা দিয়ে মঙ্গল কামনা



বাঙালি পরিবারে একটি প্রচলিত রীতি রয়েছে, যেখানে বোনেরা ভাইদের কপালে ফোঁটা (তিলক) করে তাদের মঙ্গল কামনা করে।

পারিবারিক স্নেহ ও ঐক্যের প্রতীক হিসেবে বিবেচিত হয়।

ফোঁটা দেওয়ার মাধ্যমে বোনেরা ভাইদের স্বাস্থ্যের ও সাফল্যের জন্য শুভেচ্ছা জানায়, যা বাঙালি সংস্কৃতির অন্তর্নিহিত মূল্যবোধকে প্রতিফলিত করে।

— Surajit Das, Kolkata